



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগড়হর বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০২৯৯৭৭১০৮৫০, ০২-৯৯৭৭১০৮৪২

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৮/১৯/১৯০

তারিখ: ১৫/১০/২০২৪ খ্রি।

বিষয়: ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার স্থগিত (Withheld), ক্রস (X), এবং অনুপস্থিত (Absent) আকারে প্রকাশিত ফলাফলের সংশোধিত ফল প্রকাশের জন্য আবেদন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার ফলাফলে কোনো পরীক্ষার্থীর ফল স্থগিত (Withheld), ক্রস (X), এবং অনুপস্থিত (Absent) আকারে প্রকাশিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আগামী ১৬/১০/২০২৪ তারিখ হতে ২০/১০/২০২৪ খ্রি। তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতি অফিস চলাকালীন) সংশোধিত ফল প্রকাশের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ হাতে আবেদন জমা দিতে হবে। আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

১. পরীক্ষার্থী কর্তৃক লিখিত আবেদন (পরীক্ষার্থীর মোবাইল নম্বরসহ);
২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ স্বাক্ষরকৃত অগ্রায়নপত্র (যে কলেজে অধ্যয়নরত ছিল);
৩. প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত এইচএসসির রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের সত্যায়িত কপি;
৪. প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত এসএসসি/ সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ নম্বরপত্রের সত্যায়িত কপি;
৫. অনলাইন থেকে সংগৃহীত পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষার ফলাফলের প্রিন্ট কপি;
৬. পরীক্ষার্থীর হাজিরাপত্র ও ব্যবহারিক নম্বরপত্রের ফটোকপি।

প্রয়োজনীয় কাগজপত্রসহ দুই সেট আবেদন প্রস্তুত করে ২নং ভবনের তৃতীয় তলায় উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) জনাব ড. আবু খায়ের মোহাম্মদ কামাল হাসান (মোবাইল ০১৭১১৫৭১৭৮৯) এর নিকট ২০/১০/২০২৪ খ্রি। তারিখের মধ্যে (অফিস চলাকালীন) হাতে হাতে জমা দিতে হবে। উক্ত তারিখের পর এ সংক্রান্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

১৫/১০/২০২৪
(প্রফেসর মোঃ সামছুলাইসলাম)

প্রাপক:

অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন

উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৮৪২

ই-মেইল : conbisemym@gmail.com

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), অত্র শিক্ষা বোর্ড;
- ২। সহকারী প্রেসার্যামার, অত্র বোর্ড নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ;
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।